সরকার অনুমতি দিলে ক্রসফায়ারেও আপত্তি নেই পুলিশের: আইজিপি



আইজিপি মো. আলী হোসেন ফকির। ছবি: সংগৃহীত

সরকার অনুমতি দিলে প্রয়োজনে ক্রসফায়ার করতেও পুলিশ পিছপা হবে না বলে মন্তব্য করেছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির।

সোমবার (২৬ অক্টোবর) চকবাজারে 'কমিউনিটি ইসলামিক ব্যাংক সিস্টেম'-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

আইজিপি বলেন, মানুষের সুখে-শান্তিতে বসবাস নিশ্চিত করতে পুলিশের প্রয়োজন রয়েছে। স্বাধীনতা আছে বলে যা ইচ্ছা তা করা যাবে না। আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, সব ঘটনায় পুলিশের ওপর দায় চাপানোও ঠিক নয়।

পাড়া-মহল্লায় মাদকের বিস্তার নিয়েও কথা বলেন পুলিশের প্রধান। মাদক কারবারে আওয়ামী লীগের পাশাপাশি পুলিশের কিছু সদস্যের সম্পৃক্ততার অভিযোগ তুলে তিনি জানান, গত দুই মাসে ২৭ পুলিশ সদস্যকে বরখাস্ত করা হয়েছে।

LENS ASIA